W.B.P. Form No. 27

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Midnapur Sub- Divn. Contai P.S. Khejuri Year 2017 FIR NO. 45/17 Date 30.05.17
2. i) Act IPC Section 409/420 IPC iii) Act Sections
2. ii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 1197 dt 30.05.2017 Time at 18:05 hrs
   b) Occarrence of Offence : Day ... Date ... 26.01.2017 Time Not noted
   c) Information received Date 30.05.2017 Time at 18:05 hrs
   G. D. No. 1197 at the Police Station :
4. Type of Information. Written / Oral
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. Heria Atmaramchak 25 KM N/W
   b) Address Vill - Heria J.L. No 131 G.P. No. 7 Block no I P.S. - Khejuri Dist - purba Midnapur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Manas Kumar Das
   b) Father's / Husband's Name Ajit Kumar Das
   c) Date/Year of Birth
   d) Nationality Indian
   e) Address Vill - purbabar P.S. Bhagwanpur Dist - purba Midnapur
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Pradip Kumar Mal S/O Biswanath Mal Vill + P.O. - Heria P.S. - Khejuri Dist - purba Midnapur
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, If required) :
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint of the compl which is treated as FIR is attached here with.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 409/420 IPC

register the case and ~~took up the investigation~~/directed ASI Debashis Maity to take up the investigation transferred to P. S. on point of jurisdiction FIR read over to the Complaint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Signature of the Office-in-charge, Police Station with 30.5.17
Name SHIRSENDU DAS
Rank SI of police
Number. if any OC Khejuri
Officer-in-Charge Khajuri P.S Dist- Purba Medinipur

Manas Kr Das
Signature / Thumb Impression of the Complainant /Informant

To,
The O/C, Khejuri P.S.
Through Henria I.C.
Dist- Purba Medinipur

sir,

আপনাকে জানানো যায় যে, আমি মানস কুমার দাস, অধীন "INTERNAL OXYGEN DIVISION"(Heria, Atmaramchak, Khejuri, Purba Medinipur- 721430) এর Managing Director হইতেছি। পূর্বে উক্ত কোম্পানির নাম ছিল 'INTERNAL OXYGEN DIPO"। আমি ২০০৪ সাল হইতে SUPER GASES & APPLIANCES,NIMPURA-K.G.P, OXGEN লইয়া কোম্পানি আরম্ভ করিয়াছি গত ইং- 2006 সালে তপশিল প্রতিপক্ষ স্থানীয় ব্যাক্তি, তাহার উপার্জনের প্রয়োজন হওয়ার আমার নিকট আসিয়া কাজ দিবার জন্য অনুরোধ করে এবং গত ইং -18/04/2006 তারিখে কাজ পাইবার জন্য আমার নিকট লিখিত আবেদন করে তাহার শিক্ষাগত যোগ্যতার কাগজের জেরক্স কপি জমা দেয়। প্রতিপক্ষের আবেদন মূলে আমি তাহাকে গত ইং- ০১/০৫/২০০৬ তারিখ হইতে আমার কোম্পানির অফিসে মাস মাহিনায় নিযুক্ত করি। কাজে নিজুক্ত করার পর কোম্পানির সমূহ কার্যে প্রতিপক্ষ দক্ষ হইয়া উঠায় তাহাকে কোম্পানির অফিসের সমূহ দায়িত্ব অর্পন করি এবং প্রতি বৎসরের হিসাবপত্র জানুয়ারী মাসে মিলাইয়া লইতাম। উক্ত রূপে প্রতিপক্ষ আমার বিশ্বাস অর্জন করে। প্রতিপক্ষকে বিশ্বাস করিয়া তাহার উপর অফিসের দায়িত্ব দিয়া, কিছুদিন অন্তর অফিসে আসিয়া অফিসের হাল চাল জানিয়া যাইতাম ও স্বাক্ষর করিয়া টাকা লইতাম। দীর্ঘদিন প্রতিপক্ষ কাজ করিতে করিতে প্রতিপক্ষের কোম্পানির টাকা তছরূপ করিতে শুরু করে। প্রথম দিকে আমার মনে সন্দেহ হইলেও হিসাব বুঝিয়া লওয়ায় এবং উপযুক্ত প্রমানের অভাবে প্রতিপক্ষকে কিছু বলিতে পারি নাই। সন্দেহের কারনে আমি প্রতিপক্ষের নিকট হইতে ২০১৫-১৬ আর্থিক বর্ষের হিসাব ২০১৫ সালের ডিসেম্বরে বুঝিয়া লইবার পর ২০১৬ সালের জানুয়ারী মাস হইতে প্রতিমাসে কয়েকদিন অন্তর আসিয়া প্রতিপক্ষের নিকট হইতে কোম্পানির টাকা স্বাক্ষর করিয়া লইয়া যাইতাম এবং মাঝে মধ্যে অফিসে বসিতাম।

তৎপর গত ২০১৬সালের জানুয়ারী মাসে আমার জনৈক গ্রাহক শ্রী পরমেশ্বর প্রধান, পিতা- শরৎ প্রধান, সাং- পুখুরিয়া, থানা- খেজুরী, জেলা- পূর্ব মেদিনীপুর, আমাকে ফোন মারফৎ জানায় যে, প্রতিপক্ষ সিলিন্ডার দেওয়া নেওয়া এবং টাকা পয়সা লইয়া তাহার সহিত গন্ডগোল করিতেছে এবং সে আমার সহিত দেখা করিতে চায়। আমি তখন উক্ত পরমেশ্বর বাবুকে রসিদের জেরক্স কপি দিয়া আমার নিকট লিখিত দরখাস্ত দিতে বলি এবং অফিসে আসতে বলি। উক্ত পরমেশ্বর প্রধান বাবু গত ইং-01/02/2017 তারিখে আমার নিকট প্রতিপক্ষের বিরুদ্ধে লিখিত দরখাস্ত রসিদের জেরক্স কপি সহ দাখিল করেন। উক্ত পরমেশ্বর প্রধান বাবুর অভিযোগ তিনি কয়েক মাস অসুস্থ ছিলেন। তাই, Oxygen Cylinder অফিসে জমা দিয়ে যায়, এবং সুস্থ হওয়ায় পরবর্তীকালে পুনরায় Cylider লইয়া যায়। ঐ Deposite থাকাকালীন পরমেশ্বর বাবুর কাছ থেকে Cylinder Rent-এর Extra টাকা লইয়া আছে (কিন্তু কোম্পানিতে Cylinder Deposit থাকাকালীন Oxygen Cylinder গ্রাহকের কাছ হইতে কোনোপ্রকারের Rent নেওয়া হয় না)। তৎসত্ত্বেও বাড়তি Cylinder Rent লইয়াছে। পরমেশ্বর বাবুর দরখাস্ত মূলে কোম্পানির অফিসের খাতা এবং বিলবই এবং পরমেশ্বর বাবুর দাখিল করা রসিদ মিলাইয়া দেখি গত ইং- ০২/০৪/২০১৫ তারিখে প্রতিপক্ষের প্রদত্ত রসিদে প্রতিপক্ষ মোট ১১৪০/- টাকা লইয়াছে। কিন্তু তার কার্বন কপিতে ৬৩০/- টাকা লিখিয়াছে এবং খাতাতেও ৬৩০/- টাকা উল্লেখ করিয়াছে। উক্ত রূপে গত ইং- ২৪/১০/২০১৬ তারিখে প্রতিপক্ষ পরমেশ্বর বাবুর নিকট হইতে ১৩২৮/- টাকা লইবার রসিদ দিয়াছে। কিন্তু বিল বই কার্বন কপি সম্পূর্ন ফাঁকা, কোম্পানির অফিসের খাতায় ১১৩৮/- টাকা জমা উল্লেখ করিয়াছে। উক্ত রূপে গত ইং- ১৮/০২/২০১৭ তারিখে জনৈক গ্রাহক শ্রী বুদ্ধদেব দাস, সাং- কুলঠ্যা, থানা- খেজুরী, জেলা- পূর্ব মেদিনীপুর, পূর্বে 07/08/2016 তারিখে জমা রাখা আমার নিকট সিলিন্ডারটি লইবার জন্য আসে। আমি খাতা দেখিয়া বলি যে তিনি গত ইং- 05/10/2016 তারিখে উক্ত সিলিন্ডার লইয়া গিয়াছেন । তখন তিনি আমায় বলেন যে তাহার অসুস্থতার জন্য যেকোন সিলিন্ডারই লইয়া যায় নাই । প্রতিপক্ষ অন্য কাহাকে উক্ত সিলিন্ডার দিয়াদিয়াছে। তখন আমি উক্ত শ্রী বুদ্ধদেব দাস মহাশয়কে দরখাস্ত মূলে পুনরায় সিলিন্ডার

issue করি । উক্ত সমুহ বিষয়ে প্রতিপক্ষকে জানিতে চাহিলে প্রতিপক্ষ কোন সদুত্তর দিতে পারে নাই। তখন আমি প্রতিপক্ষকে 2016 সালে সমুহ হিসাবপত্র দাখিল করিতে বলিলে প্রতিপক্ষ আজকাল করিয়া টালবাহানা করিতে থাকে। তখন আমি নিজে অফিসের গ্রাহকদের টাকা জমা নেওয়ার খাতা ও প্রতিপক্ষের নিকট হইতে আমার লওয়া আমার টাকার হিসাব খাতা মিলাইয়া দেখি যে গত ইং- 01/01/2016 তারিখ হইতে 26/01/2017 তারিখ পর্যন্ত প্রতিপক্ষ গ্রাহকদের নিকট হইতে Oxygen এর মূল্য ও Cylinder Rent বাবদ 2,65,919/- (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার নয়শত উনিশ) টাকা জমা লইয়াছে। কিন্তু আমাকে সর্বমোট 1,67,609/- (এক লক্ষ সাতষট্টি হাজার ছয় শত নয়) টাকা প্রদান করিয়াছে অর্থাৎ প্রতিপক্ষ আমার কোম্পানির 98,310/- (আঠানব্বই হাজার তিনশত দশ) টাকা আত্মসাৎ করিয়াছে। আমি আরও অনুসন্ধান করিয়া দেখিয়াছি যে, প্রতিপক্ষ অন্যান্য খুচরা সরঞ্জাম (কার্বাইট ট্রলি, রেগুলেটার, টর্চ ইত্যাদি) বিক্রয় করিয়া টাকা আত্মসাৎ করিয়াছে যাহার বাজার মূল্য প্রায় 35,000/- (পঁয়ত্রিশ হাজার) টাকা। ইহা ছাড়াও তিনটি 8 C.M (D Type) Oxygen সিলিন্ডার বিক্রয় করিয়া টাকা আত্মসাৎ করিয়াছে, মূল্য প্রায় 1,35,000/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। প্রতিপক্ষের আমার নিকট হিসাব দাখিল করিতে বিলম্ব হওয়ায় আমি গত ইং- ০৬/০২/২০১৭ তারিখে ডাকযোগে চিঠি পাঠাই। প্রতিপক্ষ উক্ত চিঠির প্রাপ্ত হইয়া গত ইং- ১২/০২/২০১৭ তারিখে কতিপয় স্থানীয় বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে আলোচনা হয়, কিন্তু প্রতিপক্ষ কোনো সদুত্তর দিতে পারে নাই এবং হিসাবও দাখিল করে নাই এবং কিছুদিন সময় চায়। কিছুদিন অতিবাহিত হইলেও প্রতিপক্ষ হিসাব দাখিল না করায় এবং টাকা ফেরৎ না দেওয়ায় নিরুপায় হইয়া আমি ইং- ২২/০৩/২০১৭ তারিখে প্রতিপক্ষের গৃহে গিয়া আমার প্রাপ্য অর্থ মিটাইয়া দিতে অনুরোধ করিলে প্রতিপক্ষ উত্তেজিত হইয়া অশ্লীল গালাগাল করিয়া বলে যে কোনো টাকা ফেরৎ দিবে না। পুনরায় ইং- ৩০/০৩/২০১৭ তারিখে কয়েকজন গুন্ডা প্রকৃতির লোক লইয়া দুপুর আনুমানিক ১ টা নাগাদ আমার কোম্পানির অফিসে আসিয়া পিস্ পিস্ করিয়া কাটিয়া দেব, কোম্পানি এখান থেকে তুলিয়া দেব এবং যতগুলি সিলিন্ডার আছে লুট করিয়া লইয়া যাব ইত্যাদি হুমকি দেয়, এবং যাওয়ার সময় অফিসে রাখা একটি 'A' Type 1 C.M. Oxygen Cylinder বাধা দেওয়া সত্বেও জোর পূর্বক তুলিয়া লইয়া যায় (যা অন্যের সিলিন্ডার সারানোর জন্য দিয়ে গিয়েছিলেন), যার মূল্য ৬০০০/- (ছয় হাজার টাকা)।

প্রতিপক্ষের প্রথম হইতে অসৎ উদ্দেশ্য ছিল। প্রথম কয়েক বছর সৎভাবে কাজ করিয়া আমার বিশ্বাস অর্জন করিয়া পরবর্তীকালে আমার কোম্পানির টাকা আত্মসাৎ করিয়াছে ও আমার সহিত প্রতারনা ও বিশ্বাস ঘাতকতা করিয়াছে।

এমতাবস্থায় আমার অভিযোগ মূলে তদন্ত করিয়া প্রতিপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করিলে বাধিত হইব।

ইতি
বিনীত-
Manas Kr Das
INTERNAL OXYGEN DIVISION
Heria, Atmaramchak
Khejuri, Purba Medinipur

তাং-

নিম্নে তফসিল ব্যক্তির নাম-
Pradip Kumar Mal
Biswanath Mal
Vill+Post- Heria
Ps- Khejuri
Dist- Purba Medinipur
Pin- 721430

Permanent Address-
Manas Kumar Das
S/O- Ajit Kumar Das
Vill- Purbabar
Post.- Ilashpur
Ps.- Bhagabanpur
Dist- Purba Medinipur
Pin- 721601
Ph No.- 9434819198
9732706193

Received on 28-5-17 at 18.05 hrs and started Khejuri PS. Case No. 115/17 dt 30.05.17 u/s 409/420 IPC

28.5 Officer-in-Charge
Khejuri P.S
Purba Medinipur